কালের কণ্ঠ

তারিখ 21 AUG 2017
পৃষ্ঠা 2

# টঙ্গিবাড়ীতে স্কুলের মাঠ দখল করে উঠছে ঘর

মুন্সীগঞ্জ প্রতিনিধি ▷

মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ী উপজেলার বেসনাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ দখল করে ঘর নির্মাণকাজ চলছে। কামারখাড়া গ্রামের ধনাঢ্য কবির হোসেন ঢালী ওই ঘর নির্মাণ করছেন।

সরেজমিনে গিয়ে দেখা যায়, বিদ্যালয়ের দক্ষিণ পাশের মাঠের রাস্তাসংলগ্ন জমিতে কিছু বাঁশ পুঁতে তার ওপর টিনের দোচালা ঘর নির্মাণ করা হচ্ছে। স্থানীয়রা জানায়, মাঠ দখল করার জন্য নিম্নমানের বাঁশ, টিন ও কাঠ দিয়ে নামেমাত্র ঘর তোলা হচ্ছে।

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য বাবুল ডাক্তার জানান, বেসনাল গ্রামের মৃত মোশাররফ মীর ও মৃত কাজিম পাইক বিদ্যালয়টির নামে ১৫ শতাংশ জমি দান করেছেন। এর ৫ শতাংশ জমি নিজের বলে দাবি করে ওই স্থানে ঘর নির্মাণ করছেন কবির হোসেন ঢালী।

কমিটির সভাপতি কামারখাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহিউদ্দিন হালদার জানান, ১৫ শতাংশ জমি বিদ্যালয়ের নামে নামজারি রয়েছে। আবার এর মধ্যে ৪.৭৫ শতাংশ জমি কবির হোসেনের নামে নামজারি করে দিয়েছেন উপজেলা সহকারী কমিশনার ভূমি (এসিল্যান্ড)। তাই বিষয়টি সমাধান না হওয়া পর্যন্ত কাজ বন্ধ রাখতে বলা হয়েছে।

প্রধান শিক্ষক কৃষ্ণ কুমার দাস বলেন, 'আমি কমিটির সদস্যদের নিয়ে ১৫ শতাংশ জমি মেপে দেখেছি। বিদ্যালয়ের জমির মধ্যে কবির হোসেন ঘর তুলছেন।'

কবির হোসেন বলেন, 'আমি ওই জমি মান্নান মেম্বারের কাছ হতে কিনে নামজারি করেছি। আমি আমার জমিতে ঘর তুলছি।'

টঙ্গিবাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সহিদুল হক পাটোয়ারী বলেন, 'দিঘিরপাড় ভূমি অফিসের নায়েবকে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছি।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর